যুগান্তর

তাং 28 JUN 2016
পৃষ্ঠা 2 কলাম 6

প্রধানমন্ত্রীর সঙ্গে রওশনের বৈঠক

# ময়মনসিংহে শিক্ষা বোর্ড করার অনুরোধ

সংসদ রিপোর্টার

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে বৈঠক করেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জাতীয় পার্টির সিনিয়র কো-চেয়ারম্যান রওশন এরশাদ। সোমবার অধিবেশন কক্ষ সংলগ্ন প্রধানমন্ত্রীর লবিতে এই বৈঠক অনুষ্ঠিত হয়। প্রায় ২০ মিনিট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন দুই নেত্রী। এ সময় বিরোধী দলের নেতার সঙ্গে জাতীয় পার্টির মহাসচিব এবিএম রুহুল আমিন হাওলাদার ও বিরোধী দলের চিফ হুইপ তাজুল ইসলাম উপস্থিত ছিলেন। বৈঠক শেষে রওশন এরশাদ সাংবাদিকদের বলেন, 'ময়মনসিংহের বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আমার আলাপ হয়েছে। ব্রহ্মপুত্র নদ শুকিয়ে গেছে, সেটি তাকে অবহিত করেছি। পাশাপাশি ময়মনসিংহে একটি শিক্ষা বোর্ড করার জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ করেছি। তার সঙ্গে এসব নিয়ে বিস্তারিত আলোচনা করেছি।' প্রধানমন্ত্রী উন্নয়নমূলক সব কাজে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দিয়েছেন বলে জানান রওশন এরশাদ। এছাড়া দেশের চলমান বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে বলে জানান তিনি।